



# RABINDRA BHARATI MAHAVIDYALAYA

Govt. aided General Degree College

(Recognised by the Deptt. Of Higher Edn., Govt. of W.B. & affiliated to Vidyasagar University)

P.O.-Kolaghat, Dist.-Purba Medinipur, Pin-721134, Ph. No:03228-256085

Mail ID : [rabindrabharatimahavidyalaya@gmail.com](mailto:rabindrabharatimahavidyalaya@gmail.com) | Website : [www.rabindrabharaticollege.org](http://www.rabindrabharaticollege.org)

Ref.No. RBM :

Date ..12/10/2022

সকল ছাত্র-ছাত্রীকে জানাই শুভ বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা।

একটি বিশেষ ঘোষণা ওয়েস্ট বেঙ্গল স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিম সম্পর্কে:

আমাদের পশ্চিমবঙ্গ এর মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় সকল ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে এই প্রকল্পটি তৈরি করেছেন। এখানে নতুন কিছু সুবিধের কথা বলা হয়েছে।

সকল ছাত্র-ছাত্রীদের বলা হচ্ছে তোমরা মন দিয়ে নিচের প্রতিটি পয়েন্ট পড়ো এবং সেইমতো কাজ করো।

- \* সকল সেমিস্টারের অনার্স এবং জেনারেল ছাত্র-ছাত্রীদের জন্য স্টুডেন্ট ক্রেডিট কার্ড এর মাধ্যমে শিক্ষা ঋণ আবেদন করার সুযোগ রয়েছে।
- \* প্রত্যেকটি সেমিস্টারের কলেজের বেতন এবং তা ছাড়াও পড়াশুনার অন্যান্য খরচ বাবদ শিক্ষা ঋণ আবেদনের সুযোগ এই প্রকল্পটিতে রয়েছে।
- \* যে ছাত্র-ছাত্রীরা যে সেমিস্টারে বর্তমানে পড়াশুনা করছে তারা যে কোর্স ফি কলেজকে দিয়েছে সেই টাকার পরিমাণটি বাদ দিয়ে বাকি কলেজ কোর্স ফি টাকার পরিমাণটি শিক্ষা ঋণ হিসেবে এই প্রকল্পের মাধ্যমে আবেদন করতে পারো।
- \* যারা বাড়ি থেকে দূরে কোথাও ভাড়া থেকে কলেজে পড়াশোনা করছে সেই বাড়ি ভাড়ার খরচ বাবদ দু লক্ষ টাকা অর্ধ এই প্রকল্পের মাধ্যমে ঋণ হিসেবে তোমরা আবেদন করতে পারো।
- \* পড়াশুনার প্রয়োজনে বই পত্র কেনা পড়াশুনার জন্য প্রয়োজনীয় সামগ্রী কেনা এবং ল্যাপটপ বা স্মার্টফোন পড়াশুনার কাজে লাগলে কিংবা টিউশন ফি বাবদ তিন লক্ষ টাকা অর্ধ ঋণের আবেদন এই প্রকল্পের মাধ্যমে করতে পারো।
- \* অর্থাৎ কলেজ ফি+ থাকার খরচ+ পড়াশোনা সংক্রান্ত অন্যান্য খরচের জন্য একসাথে উপযুক্ত পরিমাণ ঋণ এর জন্য তোমরা আবেদন করতে পারো এই প্রকল্পটির সাহায্যে।
- \* কলেজে স্টুডেন্ট ক্রেডিটকার্ডের যে ক্যাম্প আয়োজিত হয়েছিল সেখানে তোমাদের হাতে যে লিফলেট দেওয়া হয়েছিল সেখানে এই প্রকল্পটির সম্পর্কে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে। তোমাদেরকে এই সম্পর্কে বিস্তারিত ভাবে বোঝানো হয়েছে। তোমরা দয়া করে কলেজ ওয়েবসাইটে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের যে লিফলেট গুলি ব্যানার দেওয়া হয়েছে সেগুলি আবার মন দিয়ে পড়ো বাড়িতে বাবা মার সাথে আলোচনা করে শিক্ষা ঋণ এর জন্য এপ্লিকেশন ফর্মটি ফিলাপ করো স্টুডেন্ট ক্রেডিট কার্ড পোর্টালে গিয়ে সাবমিট করো। এবং আমাদের কলেজের স্টুডেন্ট হিসেবে তোমরা এই পোর্টালে গিয়ে নিজেদের নাম রেজিস্টার কর।
- \* এপ্লিকেশন পাঠানো বা রেজিস্টার করার কাজটি তোমরা সাইবার ক্যাফে অথবা বাড়ি থেকে মোবাইল ফোনে বা ডেস্কটপ থেকে করতে পারো কিন্তু কোলাঘাটের বিডিও অফিসে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে বিনা পয়সায় স্টুডেন্ট ক্রেডিট কার্ডের বিষয় সব রকম সহায়তা দেওয়া হয়। তোমাদের অনুরোধ করা হচ্ছে তোমরা সব কাগজপত্র নিয়ে বিডিও অফিসে যোগাযোগ করো।
- \* তোমাদের কোন জিজ্ঞাসা থাকলে হেল্প ডেস্ক অফিসার সৌভিক স্যারের সাথে ফোনে তোমরা যোগাযোগ করতে পারো।
- \* মনে রেখো এই স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পটি ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে সরকারের পক্ষ থেকে গৃহীত। তাই তোমাদের অনুরোধ করা হচ্ছে বিষয়টি নিয়ে চিন্তাভাবনা করে, বাড়িতে বাবা-মার সাথে আলোচনা করে নিজেদের নাম এই প্রকল্পটিতে রেজিস্টার কর এবং শিক্ষা ঋণের আবেদন জমা করো। (যাদের প্রয়োজন রয়েছে)

**Students of RABINDRA BHARATI MAHAVIDYALAYA are requested to apply for Student Credit Card as soon as possible. Contact the Nodal Officer 9830184246 and Helpdesk Officer 8599993690**

Student Credit Card apply link : <https://wbccc.wb.gov.in/>

Signature of Principal

Principal

Rabindra Bharati Mahavidyalaya  
Kolaghat, Purba Medinipur